



বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি.

প্রধান কার্যালয়: দুগ্ধ ভবন
১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.milkvita.org.bd

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১২৫৮/২০০৯/ডিপি-১৭৮/২০২৫/২১৯

তারিখ: ১৩ কার্তিক ১৪৩২
২৯ অক্টোবর ২০২৫

আদেশ

যেহেতু, জনাব মো. রফিকুল ইসলাম (কর্মচারী নং-১২৫৮), প্রাথমিক শ্রমিক, বিপণন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানায় দায়িত্ব পালন অবস্থায় বিগত ২৪/০৫/২০২৫খ্রি. হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। তার অনুপস্থিতির বিষয়ে ব্যবস্থাপক ও ইনচার্জ (বিপণন) গত ১৯/০৬/২০২৫ তারিখ স্মারক নং-৪৭.৬৭.০০০০.০১৩.১৮.০০২.২২-২৪৯ পত্র মূলে মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও নিরীক্ষা) প্রধান কার্যালয় বরাবর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করেন।

০২। যেহেতু, তিনি ইতোপূর্বেও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ বিষয়ে প্রশাসন বিভাগের স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১২৫৮/২০০৯/৮২৪ তারিখ : ১৫/১২/২০২০ এবং স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১২৫৮/২০০৯/৮৫৯ তারিখ : ২৭/০৬/২০২৪ কারণ দর্শানো হয়েছিল। তার সর্বশেষ কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় মিই/প্রশা/ব্যান-১২৫৮/২০০৯/৯৯৯ তারিখ : ৩১/০৭/২০২৪ তারিখে ভবিষ্যতের এধরনের ঘটনার পুনরাবৃত্তি হলে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তাকে সতর্ক করা হয়েছিল।

০৩। যেহেতু, তিনি প্রায়শই কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, উর্ধ্বতন কর্তৃপক্ষের আইন সংগত আদেশ অমান্য ও দায়িত্ব পালনে অবহেলা করে থাকেন। এ বিষয়ে তাকে ইতোপূর্বে সতর্ক করার করা হলেও তিন একই ঘটনার পুনরাবৃত্তি ঘটিয়েছেন। যা মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ অনুযায়ী “অসদাচরণ” এর সামিল হওয়ায় তাকে একই বিধিমালার ৮.০১ এর ১।(খ) বিধিতে বর্ণিত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-১৭৮/২০২৫) রুজু করা হয়। বিভাগীয় মামলা’র স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১২৫৮/২০০৯/ডিপি-১৭৮/২০২৫/২১৫; তারিখ: ২১/০৯/২০২৫খ্রি. পত্র মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়।

০৪। যেহেতু, জনাব মো. রফিকুল ইসলাম (কর্মচারী নং-১২৫৮), প্রাথমিক শ্রমিক, বিপণন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানা গত ০৬/১০/২০২৫খ্রি. তারিখে অভিযোগনামার জবাব দাখিল করেন। তার দাখিলকৃত জবাব পর্যালোচনাপূর্বক গত ১৯/১০/২০২৫খ্রি: তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

০৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী’র বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত কাগজপত্র, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময় প্রদত্ত বক্তব্য, তথ্য-প্রমাণক ও সংশ্লিষ্ট দলিল-দস্তাবেজ এ অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়। দায়িত্ব পালনের ক্ষেত্রে অভিযুক্ত কর্মচারী আন্তরিক নয় মর্মে প্রতীয়মান হয়। অভিযুক্ত কর্মচারী নিজের ভুল স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন। এছাড়াও তিনি শারীরিক অক্ষমতার কারণে চাকরি হতে অবসর গ্রহণের ইচ্ছা পোষণ করেন। এহেন কর্মকান্ডের জন্য অভিযুক্ত কর্মচারী’র বিরুদ্ধে আনীত মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দন্ড পাওয়ার যোগ্য।

চলমান/পাতা-২

পাতা-২

০৬। সেহেতু এফনে, জনাব মো. রফিকুল ইসলাম (কর্মচারী নং-১২৫৮), প্রাথমিক শ্রমিক, বিপণন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানা-কে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ৮.০১ ১।(খ) মোতাবেক “অসদাচরণ” (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৭৮/২০২৫ এর দায়ে একই বিধি’র ৮.০২ (১) এর (খ) ৪. বিধি মোতাবেক গুরুদন্ড হিসেবে “বাধ্যতামূলক অবসরদান “Compulsory Retirement”) দন্ড প্রদান করা হলো। তার সাময়িক অনুপস্থিতকালীন সময় বিনা বেতনে ছুটি হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক অবসর সংক্রান্ত সকল সুবিধাদি প্রাপ্য হবেন।

স্বা./-

জাহিদুল ইসলাম

যুগ্মসচিব (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ)

ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১২৫৮/২০০৯/ডিপি-১৭৮/২০২৫/২১৯/০১(৯)

তারিখ : ১৩ কার্তিক ১৪৩২
২৯ অক্টোবর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাব্যবস্থাপক (প্রশাসন), মিল্ক ইউনিয়ন (ব্যবস্থাপনা কমিটি’র পরবর্তী সভায় অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২. মহাব্যবস্থাপক (এসপিপি/বিপণন/টেকনিক্যাল ও অপারেশ-অ:দা:) মিল্ক ইউনিয়ন।
৩. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৪. উপ-মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরীক্ষা) মিল্ক ইউনিয়ন।
৬. সভাপতি মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), মিল্ক ইউনিয়ন (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. জনাব মো. রফিকুল ইসলাম, কর্মচারী নং-১২৫৮ (প্রাথমিক শ্রমিক), বিপণন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানা।
৯. ব্যক্তিগত নথি/অফিস কপি/মাস্টার কপি।



ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

মিল্ক ইউনিয়ন।